



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
E-mail: sbgc.gov.college@gmail.com
Website: www.sbgcp.edu.bd



টেলিফোন : ০২৫৮৮৮৪২২৮০
মোবাইল : ০১৩০৯১২৫৬৬৪

তারিখ: ১৭/০৩/২০২৩ খ্রি

প্রেস বিজ্ঞপ্তি

১৭ই মার্চ, ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উপলক্ষে শহীদ বুলবুল সরকারি কলেজে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। এরই ধারাবাহিকতায় অদ্য ১৭/০৩/২০২৩ খ্রি. তারিখে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা হয় এবং সকাল ০৮:৪৫ মিনিটে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে অধ্যক্ষ মহোদয়ের নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণ করা হয়। সকাল ০৯:০০ টায় শেখ রাসেল দেয়ালিকা উন্মোচন করা হয়, সকাল ০৯:১৫ মিনিটে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। সকাল ১০:৩০ মিনিটে শেখ রাসেল স্মৃতি ৫১ বল আন্তঃবিভাগ ক্রিকেট টুর্নামেন্ট-২০২৩ এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয় এবং খেলা শেষে সকাল ১১:৩০ মিনিটে পুরস্কার বিতরণ করা হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শহীদ বুলবুল সরকারি কলেজের সুযোগ্য অধ্যক্ষ প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবসসমূহ উদ্‌যাপন কমিটির আহ্বায়ক জনাব ফাহিমদা রহমান শম্পা, সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ। এছাড়াও বক্তব্য প্রদান করেন শিক্ষক পরিষদের সাবেক সম্পাদক জনাব মোঃ আব্দুর রাজ্জাক, সহযোগী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ। কলেজের সকল শিক্ষক, কর্মচারী, ছাত্র নেতৃবৃন্দ ও শিক্ষার্থীদের অংশগ্রহণে আয়োজিত অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন।


প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন

আইডি নং- ৭৮৮২

অধ্যক্ষ

শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন (৭৮৮২)

অধ্যক্ষ

শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।